গাংনীতে বিনা চিকিৎসায় রোগীর মৃত্যুর অভিযোগ, স্বজনদের বিক্ষোভ

মেহেরপুরের গাংনীতে বিনা চিকিৎসায় ইসরাফ হোসেন (৫০)নামের এক কৃষকের মৃত্যু হয়েছে বলে অভিযোগ করেছে তার পরিবার। শনিবার বিকেল সাড়ে পাঁচটার সময় গাংনী হাসপাতালের তার মৃত্যু হয়। এ ঘটনায় গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা ডাক্তার রিয়াজুল আলম সহ কর্তব্যরত চিকিৎসকদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে বিক্ষোভ শুরু করে রোগীর স্বজন ও স্থানীয়রা।

ইশরাক হোসেন পৌর এলাকার পশ্চিম আলতা দেওয়া গ্রামের রুস্তম আলীর ছেলে।

ইসরাফ হোসেনের ছোট ভাই মোস্তফা জানান, তারপর বিকেল বেলায় নিজ গ্রামের একটি মাঠে কাজ করার সময় অসুস্থ হয়ে পড়ে। স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে গাংনী হাসপাতালে নিয়ে আসে। জরুরি বিভাগে নেওয়ার পরে কর্তব্যরত চিকিৎসকরা চিকিৎসাসেবা দিতে গড়িমসি করে পরে উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা ডাক্তার রিয়াজুল আলম কে তার বাসভবনে ডাকতে গেলে তিনিও রোগীর সেবা দিতে এগিয়ে আসেনি বলে অভিযোগ করেন তিনি।

নিহতের স্বজন সাবেক ফুটবলার সেন্টু জানান, তার রোগীর চিকিৎসার জন্য ডাক্তারদের কাছে আকুতি মিনতি করলেও তারা কোন কথায় কর্ণপাত না করে আমার ভাইকে মৃত্যুর মুখে ঠেলে দেয়।

ইসরাফ হোসেন এর নিকটাত্মীয় নাহার জানান, ডাক্তাররা দেখা তো দূরের কথা পেসার মাপতে ও এগিয়ে আসেনি। অবিলম্বে দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে দাবি করেন তিনি।

গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা জানান, হাসপাতালে হট্টগোলের খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে উত্তেজিত রোগীর স্বজনদের শান্ত করা হয়। তবে রোগীর স্বজনরা জানিয়েছেন বিনা চিকিৎসায় ইশরাক হোসেন এর মৃত্যু হয়েছে।

গাংনী পৌরসভার সাবেক প্যানেল মেয়র নবীরউদ্দীন বলেন একটা রোগী

বিনা চিকিৎসায় মারা যাবে এটা কাম্য হতে পারে না। বিনা চিকিৎসায় ইশরাফ হোসেনের মৃত্যু দুঃখজনক। বিষয়টি খতিয়ে দেখে অভিযুক্তদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার দাবি করেন তিনি।

গাংনী উপজেলা চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক জানান বিনা চিকিৎসায় রোগীর মৃত্যুর খবর পেয়ে হাসপাতালে গিয়ে কর্মরত চিকিৎসকদের সাথে কথা বলি এবং সকলকে শান্ত থাকার আহ্বান জানায়।

তবে বিনা চিকিৎসায় রোগীর মৃত্যুর ঘটনাটি মেহেরপুর জেলা প্রশাসক ও সিভিল সার্জন কে বিষয়টি অবগত করা হবে। গাংনী হাসপাতালের রোগীদের চিকিৎসা নিশ্চিত করতে ডাক্তারদের প্রতি আহ্বান জানান তিনি।

গাংনী থানার ওসি মোঃ ওবায়দুর রহমান জানান, রোগী মৃত্যুর ঘটনায় উত্তেজনার খবর পেয়ে পুলিশ পাঠানো হয়েছে বর্তমানে পরিস্থিতি শান্ত রয়েছে।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা ডাক্তার রিয়াজুল আলমের সাথে এ বিষয়ে কথা বলতে চাইলে তার মোবাইল ফোন বন্ধ পাওয়া যায়।

মেহেরপুরের সিভিল সার্জন মোহাম্মদ নাসির উদ্দিন জানান, বিনা চিকিৎসায় রোগীর মৃত্যুর খবর আমাকে কেউ জানায়নি তবে ওই পরিবার থেকে কেউ লিখিত অভিযোগ পেলে তদন্তপূর্বক ব্যবস্থা নেয়া হবে।

মুজিবনগরে সরকারী ত্রাণের সাথে পাউডার দিলেন মুরাদ

মুজিবনগরে করোনা ভাইরাসের প্রকোটে অসহায় হয়ে পরা দিনমুজুরদের মাঝে ৩য় ধাপে ত্রাণ বিতরনের মধ্যে পাউডার দিয়ে সহোযোগীতা করেছেন টিউলিপ বাংলাদেশ কোম্পানির ব্যাবস্থাপনা পরিচালক মুরাদ আলী।

শনিবার দুপুরে তিনি মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উসমান গনীর হাতে ৭২০ প্যাকেট নিজের কোম্পানির তৈরিকৃত টিউলিপ পাওয়ার ওয়াশ ডিটারজেন্ট পাউডার তুলে দেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সংবাদ প্রচার হওয়ায়…

মেহরপুরের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বিরুদ্ধে অনলাইন পোর্টালে প্রকাশিত সংবাদের প্রতিবাদে কর্মরত চিকিৎসক,নার্স,স্বাস্থ্যকর্মীরা কর্ম বিরতি পালন করেছে।

শনিবার সকালে স্বাস্থ্য কমপ্লেক্সে’র সামনে জড়ো হয়ে সকাল ১০◌ঃ ৩০ টা থেকে ১১ পর্যন্ত তারা এ কর্ম বিরতি পালন করেন। সেই সাথে উক্ত সংবাদ পত্র ও প্রতিবেদকের বিরুদ্ধে আইনগত ব্যাবস্থাসহ দৃস্টান্তমুলক শাস্তি দাবী করেন। পরে মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকনের হস্তক্ষেপে তারা কর্মবিরতি প্রত্যাহার করেন।

জানাগেছে,গত ১০ এপ্রিল পিবিএ নামক একটি নিউজ পোর্টালে গাংনী উপজেলা “স্বাস্থ্য কমপ্লেক্সে বেডে ভর্তি রোগী না থাকলেও ভুয়া খাদ্য তালিকা” শীর্ষক একটি সংবাদ প্রকাশিত হয়। এবং প্রকাশিত সংবাদটি নৈক ব্যাক্তি তার ফেসবুক আইডিতে শেয়ার দেন। উক্ত সংবাদের সকল তথ্য উপাত্ত বানোয়াট ও ভিত্তিহীন উদ্দেশ্য
প্রনোদিত বলে দাবী করেন গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা.এম রিয়াজুল আলম।

এসময় তিনি নিউজ পোর্টালসহ প্রতিবেদকের সাস্তি দাবী করেন। কর্ম বিরতির বিষয়টি জানতে পেরে হাসপাতাল ব্যাবস্থা কমিটির সভাপতি সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন স্বাস্থ্য কমপ্লেক্সে গিয়ে তাদের সাথে কথা বলেন এবং কর্মবিরতি প্রত্যাহর করান।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা, এম রিয়াজুল আলম বলেন, আমাদের নিয়ে যে সংবাদ প্রকাশ করা হয়েছে তার সু নির্দিষ্ট কোন সত্যতা নেই। উদ্দেশ্য প্রনোদিত ভা আমার সাথে কথা না বলেই সংবাদ প্রকাশ করা হয়েছে। আমরা এর সুষ্ঠ্য বিচার দাবী করছি। এ বিষয়ে স্বাস্থ্য বিভাগ, জেলা প্রশাসক,উপজেলা প্রশাসন,এবং গাংনী থানাসহ বিভিন্ন দপ্তরে স্মারকলীপী প্রদান করেন এবং সুষ্ঠ্য বিচার না হলে মানববন্ধনসহ আইনি ভাবে লড়বেন বলে উল্লেখ করেন।

মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য ও হাসপাতাল ব্যববস্থাপনা কমিটির সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকনের যে বক্তব্য প্রকাশ হয়েছে তা সম্পুর্ন ভিত্তিহীন বানোয়াট বলে তিনি দাবী করে উপস্থিত সাংবাদিকদের বলেন, পিবিএ নামক কোন সংবাদ মাধ্যমকে আমি যেহেতু বক্তব্য দিইনি। সেহেতু আমার নাম ব্যাবহার করা ঠিক হয়নি। এ বিষয়ে আমি সাংবাদকিদের সাথে কথা বলে সমস্যার সমাধানের আশ^◌াস দেন । তবুও বর্তমান পরিস্থিতিতে কোন আন্দোলনে না দাঁড়িয়ে সকলকে সেবা দেবার আহবান জানান।

এসময় চিকিৎসকরা তাদের জীবনের মায়া ত্যাগ করে মানুষকে সেবা প্রদান করছেন। কর্মরত চিকিৎসকদের প্রশাসংসা করে বলেন বর্তমানে চিকিৎসকদের
আরো দায়িত্ব শীলতার পরিচয় দিয়ে মানুষের পাশে থাকতে হবে। আপনাদের বিষয়ে অন্যান্য সাংবাদিকদের সাথে আলাপ আলোচনা করে বিষয়টি নিরসন করা হবে। এ প্রতিশ্রুতি দিলে কর্মবিরতি প্রত্যাহার করেন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক, কর্মকর্তা, কর্মচারীগণ।

মহামারী করোনা আতঙ্কের মধ্যেই উঁকি দিচ্ছে ডেঙ্গু

বর্তমানে বিশ্বজুড়ে আতঙ্কের নাম ‘করোনা ভাইরাস’। বাংলাদেশে এখন পর্যন্ত এই মহামারীতে ২৭ জনের মৃত্যু হয়েছে, আক্রান্তের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৪২৪ জনে। করোনার সংক্রমণ ঠেকাতে চতুর্থ দফায় আগামী ২৫ এপ্রিল (শনিবার) পর্যন্ত সাধারণ ছুটি বাড়িয়েছে সরকার।

করোনার এই রকম আতঙ্কের মধ্যেই শুরু হচ্ছে ডেঙ্গুর মৌসুম।

চলতি বছরে এখন পর্যন্ত ২৬৮ জন ডেঙ্গু আক্রান্ত হয়েছেন বলে জানিয়েছে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম। গত বছর মার্চের শেষদিকে রাজধানী ঢাকায় ডেঙ্গুর প্রাদুর্ভাব দেখা যায়। পরবর্তীতে রাজধানী ছাড়িয়ে দেশের প্রতিটি জেলায় ছড়িয়ে পড়ে। ঢাকার দুই সিটি করপোরেশনসহ সরকারের বিভিন্ন সংস্থা সে সময় নানা পদক্ষেপ নিলেও পরিস্থিতি সামাল দেওয়া কঠিন হয়ে পড়ে, জেলায় জেলায় ডেঙ্গুজ্বরে আক্রান্ত রোগীর মৃত্যুর খবর পাওয়া যায়। কেবল সরকারি হিসেবেই মারা যায় ১৬৬ জন।

এখন চলতি বছরের এপ্রিলে এসে করোনা আতঙ্কের মধ্যেই উঁকি দিচ্ছে ডেঙ্গু। জানা গেছে, ডেঙ্গু ও করোনা দুটোই ভাইরাসজনিত রোগ হলেও বেশ কিছু উপসর্গ আলাদা। এমন পরিস্থিতিতে চিকিৎসকদের আলাদা প্রশিক্ষণের আওতায় আনার কথা জানিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। তবে সন্দেহ হলেই পরীক্ষার তাগিদ বিশেষজ্ঞদের। বলা হচ্ছে, দুটোই ভাইরাসজনিত জ্বর হওয়ায় আলাদা করা কিছুটা দূরূহ। তবে চিকিৎসকরা বলছে সহজেই তারা এই দুই জ্বরকে পৃথক করতে পারেন।
তাদের মতে, ডেঙ্গু এবং করোনার উভয় ক্ষেত্রেই মূল উপসর্গ জ্বর। গলাব্যাথা করোনায় থাকলেও ডেঙ্গুতে নেই। আবার করোনায় বমিভাব থাকলেও এই উপসর্গ নেই ডেঙ্গুতে। ডেঙ্গুতে শরীরে র্যাশ দেখা দিলেও করোনায় তা থাকে না। ডেঙ্গুর মাথা ব্যথা হয় চোখের পেছনের দিকে, করোনায় স্বাভাবিক মাথাব্যথা। ডেঙ্গুতে শরীরে প্রচন্ড ব্যথা হলেও করোনায় এই উপসর্গ থাকে না। করোনায় ক্রমে শ্বাসকষ্ট বাড়তে থাকে শুকনো কাশি, যদিও ডেঙ্গুতে তা হয় না।

এ ব্যাপারে সোহরাওয়ার্দী হাসপাতালের আবাসিক চিকিৎসক আল আমিন সেতু গণমাধ্যমকে বলেন, ‘দু’টোতেই জ্বর থাকবে। এবং দুটোতেই জ্বর হাই গ্রেডে থাকে। কিন্তু অন্য উপসর্গগুলো থেকে সহজে আলাদা করা যায়। ডেঙ্গুতে বেশি উপসর্গ থাকে। হাচি-কাশি-গলাব্যথা শুধু করোনাতে থাকে।’ এছাড়া স্বাস্থ্য অধিদপ্তর গণমাধ্যমকে জানিয়েছে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে মেডিকেল কলেজ সবখানেই বিশেষ প্রশিক্ষণের আওতায় এনেছে তারা।

ম্যালেরিয়া ও এডিসবাহিত রোগ’র ডিএমপি ডা. আফসানা আলমগীর খান গণমাধ্যমকে বলেন, ‘চিকিৎসকরা এটা জানেনই যে করোনার উপসর্গগুলো আলাদা এবং ডেঙ্গুর উপসর্গগুলো আলাদা। তার হিস্ট্রিতে যদি থাকে সে করোনায় আক্রান্ত তাহলে তাকে সরাসরি আইসোলেশনে নিয়ে যাবে।’

তবে বিশেষজ্ঞরা বলছেন, ডেঙ্গু কিংবা করোনা যেকোনো উপসর্গেই তাদের দ্রুত পরীক্ষার আওতায় আনা জরুরি।

সূত্র-বাংলাদেশ প্রতিদিন

করোনা সন্দেহ বা আক্রান্ত হলে

যাঁদের করোনা হয়েছে নিশ্চিত বা যাঁদের হয়েছে বলে সন্দেহ, ঘরে কীভাবে তাঁদের খেয়াল রাখবেন পরিচর্যাকারী বা কেয়ার গিভাররা, সে বিষয়ে কিছু পরামর্শ থাকছে এখানে।

● দেখতে হবে আক্রান্ত ব্যক্তি যাতে যথেষ্ট বিশ্রাম পান, পুষ্টিকর খাবার খান, প্রচুর পানি আর তরল পান করেন।

● একই ঘরে যখন সেবা কাজে, তখন মেডিকেল মাস্ক পরবেন দুজনে। হাত দিয়ে মাস্ক ধরবেন না। মুখে হাত দেবেন না। কাজ শেষে মাস্ক ফেলে দেবেন ময়লার ঝুড়িতে।

● বারবার হাত ধোবেন সাবান পানি দিয়ে বা স্যানিটাইজার দিয়ে: অসুস্থ ব্যক্তির সংস্পর্শে বা এর চারপাশের সংস্পর্শে এলে খাবার তৈরির আগে, খাবার খেতে বসার আগে ও টয়লেট ব্যবহারের পর।

● অসুস্থ মানুষের জন্য আলাদা বাসনপত্র, তোয়ালে, বিছানার চাদর—এসব জিনিস সাবান দিয়ে ধুতে হবে। অসুস্থ ব্যক্তি যা যা হাত দিয়ে স্পর্শ করবেন, সেগুলো বারবার জীবাণু শোধন করুন।

● অসুস্থ ব্যক্তির অবস্থা শোচনীয় হলে বা শ্বাসকষ্ট হলে স্বাস্থ্য সেবাকেন্দ্রে ফোন করুন।

সূত্র: বিশ্ব স্বাস্থ্য সংস্থা

হাসপাতালে বেডে যন্ত্রণায় কাতরাচ্ছে নুপুর

হাসপাতালের বেডে মৃত্যু যন্ত্রনায় দিন পার করছে নুপুর। মাটি বোঝাই ট্রাকটরের নিচে পড়ে থেতলে গেছে তার শরীরের ডান পাশ। ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতাল থেকে ফেরত এসে মেহেরপুর তাহের ক্লিনিকে কাতরাচ্ছে। সেই সাথে আহত মেয়ের চিকিৎসা করাতে গিয়ে হাফিয়ে উঠেছে তার পরিবার।

নুপুর শোলমারী গ্রামের পাঠানপাড়ার নজরুল ইসলামের মেয়ে। সে শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ৮ম শ্রেনীর মেধাবি ছাত্রী। মোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাহাবুব রহমান জানান, গত ২ এপ্রিল সন্ধায় মেহেরপুর সদর উপজেলার রুদ্রনগর গ্রাম থেকে শোলমারী তার নিজ গ্রামে ফেরার পথে মাটি বোঝাই ট্রাকটরের নিচে পড়ে রক্তাক্ত জমখ হয়। এসময় স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আসে। সেখান থেকে কর্তব্যরত ডাক্তার তাকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রেফার্ড করেন।

কুষ্টিয়ায় প্রাথমিক চিকিৎসা দিয়ে তাকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালেরেফার্ড করা হয়। এক সপ্তাহ সেখানে চিকিৎসা দেওয়ার পর ডাক্তার তাকে অন্যত্র নিয়ে যেতে বলে। অসহায় পরিবার উপায় না পেয়ে মেহেরপুরে ফেরত নিয়ে আসে। বর্তমানে নুপুর মেহেরপুর তাহের ক্লিনিকের ২য় তলায় ১নং কেবিনে মৃত্যুর সাথে পাঞ্জা লড়ছে।

নুপুরের পিতা নজরুল ইসলাম জানান, নুপুরকে নিয়ে আমরা বিভিন্ন জায়গায় ছোটা ছুটি করেছি। ইতি মধ্যে প্রায় ২ লাখ টাকা খরচ হয়েছে। তার প্রতিদিন এক ব্যাগ (এবি পজিটিভ) রক্ত লাগছে যা কিনে দিতে হচ্ছে। এছাড়াও প্রতিদিন হাজার হাজার টাকার ওষুধ লাগছে। আমি গরিব মানুষ এতো আমার যা ছিল সব শেষ। আমি বুঝতে পারছিনা আমার মেয়েকে আমি কিভাবে বাঁচাবো।

নুপুরের চাচি পারভিনা খাতুন জানান, আজ প্রায় ৮দিন হতে চললো নুপুরের দুর্ঘটনা। পরিবারের সর্বোচ্চ বিলিন করে তার চিকিৎসা করানো হচ্ছে। ডা. তাহের বলেছে প্রায় ৫ লাখ টাকা খরচ হবে পরোপুরি ভালো হতে।

তাহের ক্লিনিকের সেবিকা সোনালী খাতুন জানান, তার ক্ষতস্থানে

প্রতিদিন ড্রেসিং করা হচ্ছে। অন্যদিনের তুলনায় এখন ভালো আছে। ডা. তাহের জানান, রোগীর বর্তমান অবস্থা অনেক ভালো। তার জীবন নিয়ে আর কোন শঙ্কা নেই। আল্লাহর রহমতে সে ধিরে ধিরে সুস্থ হচ্ছে। কিন্তু তার বেশ কয়েকটা অপারেশন করতে হবে। এতে প্রায় ৩ লাখ টাকা খরচ হতে পারে। পুরোপুরি সেরে উঠতে বেশ সময় লাগবে।

শোলমারী গ্রামের ইউপি সদস্য আক্তারুল ইসলাম জানান, রুদ্রনগর গ্রামের বুলু নামের এক ট্রাকটর ড্রাইভারের গাড়িতে এই দুর্ঘটনা ঘটে। ঘটনার পর ড্রাইভার বুলু রোগীর খোজ খবর নিচ্ছে। আজকেও আমার কাছে এসেছিল সে বলেছে রোগীর জন্য যতটুকু সম্ভব আমি সাহায্য করবো।

কুষ্টিয়ায় করোনা উপসর্গ নিয়ে একজনের মৃত্যু: নমুনা সংগ্রহ

কুষ্টিয়ার সদর উপজেলার মৃত্তিকাপাড়া জ্বর-শর্দি ও শ্বাসকষ্টে আক্রান্ত হয়ে আশরাফুল ইসলাম (৪৫) নামের এক ব্যক্তির মৃত্যু হয়েছে বলে খবর পাওয়া গেছে।

তিনি করোনা ভাইরাসে আক্রান্ত কিনা তা পরীক্ষার জন্য মরদেহ থেকে নমুনা সংগ্রহ করা হয়েছে।

গতকাল শুক্রবার বিকেল সাড়ে ৩টার দিকে সদর উপজেলার মৃত্তিকাপাড়াস্থ তার নিজ বাড়ীতে তিনি মারা যান।

কুষ্টিয়ার সিভিল সার্জন ডা. এইচ এম আনোয়ারুল ইসলাম এ তথ্য নিশ্চিত করে জানান, যশোর থেকে কুষ্টিয়ায় আসা আশরাফুল ইসলাম নামের একজন জ্বর-শর্দি ও শ্বাসকষ্ট নিয়ে শুক্রবার বিকেলে মারা গেছে বলে খবর পাওয়া যায়।

এমন খবর পেয়ে ঐ ব্যক্তি করোনা ভাইরাস পজেটিভ কিনা তা পরীক্ষার জন্য নমুনা সংগ্রহ করা হয়েছে। নমুনা পরীক্ষার জন্য ঢাকায় আইসিডিআর এ পাঠানো হয়েছে। রিপোর্ট আসলে নিশ্চিত করা যাবে ঐ

ব্যক্তি করোনা পজেটিভ ছিলো কিনা।

এদিকে শুক্রবার সন্ধ্যা ৬টা থেকে কুমারখালী উপজেলার শিলাইদহ ইউনিয়নের দুটি গ্রাম লকডাউন করেছে উপজেলা করোনা প্রতিরোধ কমিটি।

কুমারখালী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রাজীবুল ইসলাম খান জানান, ঢাকা ও নারায়নগঞ্জ থেকে বেশ কয়েকজন এই দুই গ্রামে আসার কারণে দুটি গ্রামকে লকডাউন করা হয়েছে।

বাংলাদেশে আসছে ১৫ সদস্যের চীনা মেডিকেল টিম

করোনাভাইরাস মোকাবিলায় সহায়তা করতে বাংলাদেশে আসছে ১৫ সদস্যের চীনা মেডিকেল টিম।

বৃহস্পতিবার (৯ এপ্রিল) বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত লি জিমিং এক ভিডিও বার্তায় এ তথ্য জানান।

গত মঙ্গলবার পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেন চীনের পররাষ্ট্রমন্ত্রী ওয়াং ই-কে টেলিফোনে শেখ রাসেল গ্যাস্ট্রো- লিভার ইনস্টিটিউট ও হাসপাতালে প্রযুক্তিবিদের একটি বিশেষজ্ঞ দল পাঠানোর আহ্বান জানান। তিনি একটি মেডিকেল টিম পাঠানোর সম্ভাবনা নিয়েও সেদিন আলোচনা করেছিলেন।

বৃহস্পতিবার চীনা দূতাবাস থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে বলা হয়, করোনা সংকটে বাংলাদেশকে সহায়তা দেওয়ায় চীনের প্রেসিডেন্ট শি জিনপিংকে ধন্যবাদ জানিয়ে চিঠি দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

চিঠিতে মহামারি মোকাবিলায় বাংলাদেশকে চীনের পক্ষ থেকে টেস্ট কিট, মাস্ক, পিপিই ও থার্মোমিটার দেওয়ায় শেখ হাসিনা চীনের প্রেসিডেন্টের কাছে কৃতজ্ঞতা প্রকাশ করেন। একই সঙ্গে বাংলাদেশের প্রধানমন্ত্রী চীনের জ্যাক মা ফাউন্ডেশন ও আলিবাবাকে করোনা মোকাবিলায় চিকিৎসা সামগ্রী দেওয়ায় ধন্যবাদ জানান।

প্রধানমন্ত্রী চিঠিতে করোনাভাইরাস মোকাবিলায় চীনের সাফল্যের অভিজ্ঞতা বাংলাদেশ ও বিশ্বের সামনে উদাহরণ হিসেবে উল্লেখ করেন। বিশ্বে করোনাভাইরাস প্রতিরোধে চীনা প্রেসিডেন্ট গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবেন বলে প্রত্যাশা করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

ব্রিটিশ প্রধানমন্ত্রীর অবস্থা উন্নতির দিকে

তিন রাত আইসিইউতে থাকার পর করোনা আক্রান্ত ব্রিটিশ প্রধানমন্ত্রীর শারীরিক অবস্থা এখন কিছুটা উন্নতির দিকে। ডাউনিং স্ট্রিট জানিয়েছে, চিকিৎসকদের কথাবার্তা বুঝতে পারছেন জনসন।

কোভিড নাইনটিনে আক্রান্ত বলে নিশ্চিতের ১০ দিন পর, গেল রোববার গুরুতর অসুস্থ অবস্থায় লন্ডনের সেন্ট থমাস হাসপাতালে ভর্তি করা হয় তাকে। অবস্থার অবনতি হওয়ায় পরদিন নেয়া হয় নিবিড় পর্যবেক্ষণে; অক্সিজেন দিয়ে করা হয় কৃত্রিম শ্বাসপ্রশ্বাসের। দু’দিনের চিকিৎসার পর সাড়া দিতে শুরু করেছেন তিনি।

তবে পুরোপুরি বিপদমুক্ত হননি বলে এখনও আইসিইউতেই আছেন ৫৫ বছর বয়সী এই প্রধানমন্ত্রী।

খালেদা জিয়ার হোম কোয়ারেন্টাইন শেষ, পুত্রবধূর তত্ত্বাবধানে চলছে চিকিৎসা

শর্তসাপেক্ষে জামিনে মুক্তির পর বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার নির্ধারিত ১৪ দিনের কোয়ারেন্টাইন শেষ হয়েছে। তবে করোনা

পরিস্থিতির উন্নতি না পর্যন্ত তিনি ‘হোম কোয়ারেইনটাইনেই’ থাকবেন বলে জানিয়েছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

বৃহস্পতিবার গণমাধ্যমকর্মীদের এ তথ্য জানিয়েছেন তিনি।

মহাসচিব মির্জা ফখরুল বলেন, করোনাভাইরাসের সংক্রমণে এখন সারা বিশ্বের টালমাটাল অবস্থা বিরাজ করছে। দেশেও এখন লকডাউনের মতো অবস্থা হয়ে গেছে-এই অবস্থার পরিপ্রেক্ষিতে তাকে শতভাগ কোয়ারেন্টাইনে থাকতে হবে। সেখানে তিনি নিরাপদে আছেন।
মির্জা ফখরুল আরও বলেন, যখন এই পরিস্থিতির উন্নতি হবে তখনই পরবর্তী অবস্থার কথা আমরা চিন্তা করবো।

তিনি বলেন, ম্যাডাম যথেষ্ট অসুস্থ, এখনো তার শারীরিক অবস্থার খুব বেশি উন্নতি হয়নি। আমাদের দাবি ছিল দেশের বাইরে নিয়ে তাকে চিকিৎসা দেয়ার। কিন্তু দুর্ভাগ্যজনকভাবে সেটার অনুমতি নেই। আর করোনার কারণে দেশের এখন যে সার্বিক অবস্থা তাতে সব ডাক্তার ঠিতমতো সার্ভিস দিতে পারছেন না। তার ব্যক্তিগত চিকিৎসকরা যতটুকু পারছেন চিকিৎসা দিচ্ছেন।

একটা মূল বিষয় ছিল যে, তাকে চিকিৎসার জন্য দেশের বাইরে নিয়ে যাওয়া- আমাদের দাবিটা ছিল। দুর্ভাগ্যজনকভাবে তারা বলেছেন যে, দেশের বাইরে যাওয়া যাবে না।’

এদিকে বিএনপি’র ভাইস চেয়ারম্যান ডা. এজেডএম জাহদ হোসেন সাংবাদিকদের জানান, দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের স্ত্রী ডা. জোবাইদার তত্ত্বাবধানে ও নির্দেশনায় বেগম জিয়ার চিকিৎসা চলছে। তিনি লন্ডন থেকে চিকিৎসার সার্বিক বিষয় দেখাশোনা করছেন বলেও জানান ডা. জাহিদ।

গত ২৫ মার্চ নির্বাহী আদেশে ৬ মাস সাজা স্থগিত রেখে খালেদা জিয়াকে মুক্তি দেয় সরকার। ওইদিন বিকেল ৫টায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালের থেকে মুক্তি পেয়ে অসুস্থ খালেদা জিয়া গুলশানের বাসা ফিরোজায় অবস্থান করছেন।

বিডি প্রতিদিন